বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বা/ এ, ঢাকা
হিসাব বিভাগ
www.badc.gov.bd

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২৩২.৪৪.০০১.২৪.৪

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বিএডিসি ইআরপি সফটওয়্যার ব্যবহার সম্পর্কিত সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, "বিএডিসি ইআরপি সফটওয়্যার ব্যবহার সম্পর্কিত সভা" মডিউল সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের সমন্বয়ে গত ৫ ফেব্রুয়ারী ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য কার্যবিবরণীটি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিরণীতে বর্ণিত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৫ ফেব্রুয়ারী ২০২৫ তারিখের মধ্যে হিসাব বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি: **সভার কার্যবিবরনী সংস্থার ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।**

**সকল সংযুক্তিসমূহ:**
(১) সভার কার্যবিরণী

১৮-০২-২০২৫
মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন
হিসাব নিয়ন্ত্রক

বিভাগীয় প্রধানগণ।

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২৩২.৪৪.০০১.২৪.৪/১ (৪)

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
২। সহকারী ব্যক্তিগত কর্মকর্তা ( অর্থ/ সার/ ক্ষুদ্রসেচ/ বীজ ও উদ্যান উইং)।
৩। সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
৪। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।

১৮-০২-২০২৫
মুহাম্মদ কামরুল হাসান আজাদ
যুগ্ম হিসাব নিয়ন্ত্রক

কৃষিই সমৃদ্ধি

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন**
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০
www.badc.gov.bd

বিষয়: বিএডিসি ইআরপি সফটওয়্যার ব্যবহার সম্পর্কিত সভার কার্য বিবরণী।

সভাপতি : রুহুল আমিন খান, চেয়ারম্যান (গ্রেড -১) বিএডিসি।
তারিখ ও সময় : ৫ ফেব্রুয়ারি, ২০২৫, বেলা ১১.০০ ঘটিকা।
স্থান : বিএডিসি এর সম্মেলন কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে হিসাব নিয়ন্ত্রক বিএডিসিতে ইআরপি সফটওয়্যার সংগ্রহ করার পটভূমি সভায় তুলে ধরেন। তারপর সফটওয়্যার প্রতিষ্ঠানের প্রজেক্ট ম্যানেজার জনাব রাশেদ আহমেদ সফটওয়্যারের অগ্রগতি সম্পর্কে প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন।

| ক্র. নং | উইং ভিত্তিক আলোচ্য মডিউল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ০১ | **প্রশাসন উইং:**<br>**সংস্থাপন বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট মডিউল। | প্রশাসন উইং এর মডিউলগুলোর মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট মডিউল সম্পর্কে সফটওয়্যার প্রতিষ্ঠানের প্রজেক্ট ম্যানেজার সভায় উল্লেখ করেন যে, অনুমোদিত Software Requirement Specification (SRS) অনুযায়ী সফটওয়্যারটি ডেভেলপমেন্ট করা হয়েছে এবং সফটওয়্যারটির কার্যক্রম বর্তমানে লাইভ চলমান আছে, কর্মকর্তা এবং কর্মচারীর তথ্য সফটওয়্যারটিতে হালনাগাদ করা হচ্ছে। এরপর সভাপতি যুগ্মপরিচালক, সংস্থাপন বিভাগ এর কাছে সফটওয়্যারটির কার্যক্রম সম্পর্কে জানতে চান। যুগ্মপরিচালক সংস্থাপন বিভাগ সফটওয়্যারটি লাইভে চলমান আছে বলে সভায় উল্লেখ করেন এবং সফটওয়্যারটির প্রবেশাধিকার সংস্থাপন বিভাগকে দেওয়ার জন্য অনুরোধ করেন। সচিব, বিএডিসি এইচআর সফটওয়্যারটির বিষয়ে কিছু পরামর্শ প্রদান করেন, যেমন- প্রত্যেক কর্মচারী যেন তার নিজের বদলি, প্রমোশন, যোগদান ইত্যাদি তথ্যের এন্ট্রি নিজেই করতে পারেন এবং সংস্থাপন বিভাগ শুধু তথ্যের সঠিকতা যাচাই শেষে অনুমোদন দিলেই কর্মচারী কর্তৃক পূরণকৃত তথ্য সমূহ সফটওয়্যারে সংরক্ষিত হবে। এতে সংস্থাপন বিভাগের কাজ অনেকাংশে কমে যাবে। এই মডিউলের তথ্য নিয়মিত আপডেট রাখার ব্যাপারে সভায় আলোচনা হয়। | ১) কর্মচারী কর্তৃক বদলি, প্রমোশন, যোগদান ইত্যাদি তথ্য এন্ট্রি করার অপশন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) সংশ্লিষ্ট উইং কর্তৃপক্ষ কমিটি গঠন করে মডিউলের সার্বিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন হিসাব নিয়ন্ত্রক বরাবর উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা পরবর্তী সভায় আলোচনা হবে। | সংস্থাপন বিভাগ ও সিনটেক সলিউশন লিমিটেড |

| ক্র. নং | উইং ভিত্তিক আলোচ্য মডিউল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | **সাধারণ পরিচর্যা বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল সমূহ:**<br>১। ইনভেন্টরি ম্যানেজমেন্ট মডিউল।<br>২। অ্যাসেটস ম্যানেজমেন্ট মডিউল।<br>৩। স্টাফ কোয়ার্টার ম্যানেজমেন্ট মডিউল।<br>৪। ভেহিকল ম্যানেজমেন্ট মডিউল।<br>৫। নোটিশ এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট মডিউল। | প্রশাসন উইং এর সাধারণ পরিচর্যা বিভাগের মডিউলগুলো সম্পর্কে সফটওয়্যার প্রতিষ্ঠানের প্রজেক্ট ম্যানেজার সভায় উল্লেখ করেন যে, সাধারণ পরিচর্যা বিভাগের মডিউলগুলো অনুমোদিত Software Requirement Specification (SRS) অনুযায়ী ডেভেলপমেন্ট করা হয়েছে। সাধারণ পরিচর্যা বিভাগের ইনভেন্টরি ম্যানেজমেন্ট মডিউলটি লাইভে চলমান রয়েছে এবং অন্যান্য মডিউলগুলো লাইভে নেওয়ার জন্য সভাপতিকে অনুরোধ করেন। এরপর সভাপতি যুগ্মপরিচালক, সাধারণ পরিচর্যা বিভাগ এর কাছে সফটওয়্যারটির কার্যক্রম সম্পর্কে জানতে চান। যুগ্মপরিচালক সাধারণ পরিচর্যা বলেন, ইতিপূর্বে যারা সফটওয়্যারটি পরিচালনা করেছেন তাদের বদলিজনিত কারণে তাদের স্থলে নতুন আগত জনবলের প্রশিক্ষণ না থাকায় সফটওয়্যারটি পরিচালনা করা যাচ্ছে না। এমতাবস্থায় আগত নতুন জনবলকে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। এরপর সভাপতি আগত নতুন জনবলকে প্রশিক্ষণ দেওয়ার নির্দেশনা দেন। হিসাব নিয়ন্ত্রক সভাকে জানান যে, প্রত্যেক মডিউলের জন্য মাস্টার ট্রেইনার আছে এবং উক্ত ট্রেইনাররা আগত নতুন জনবলকে প্রশিক্ষণ প্রদান করবেন। | ১) মাস্টার ট্রেইনার দ্বারা নতুন জনবল কে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) সংশ্লিষ্ট উইং কর্তৃপক্ষ কমিটি গঠন করে মডিউলের সার্বিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন হিসাব নিয়ন্ত্রক বরাবর উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা পরবর্তী সভায় আলোচনা হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ এবং সিনটেক সলিউশন লিমিটেড |
| ০২ | **সার ব্যবস্থাপনা উইং কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br><br>১) সার ব্যবস্থাপনা মডিউল | সার ব্যবস্থাপনা উইংয়ের মধ্যে সার ব্যবস্থাপনা মডিউল সম্পর্কে সফটওয়্যার প্রতিষ্ঠানের প্রজেক্ট ম্যানেজার সভায় উল্লেখ করেন যে, সার ব্যবস্থাপনা মডিউলটি খুলনা জেলার যুগ্মপরিচালক এবং সহকারী পরিচালকের অফিসে সফলভাবে পাইলটিং কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং সফটওয়্যারটি লাইভে নেওয়ার জন্য অনুরোধ করেন। এরপর সভাপতি সংশ্লিষ্ট বিভাগের কাছে সফটওয়্যারটির কার্যক্রম সম্পর্কে জানতে চান। সার ব্যবস্থাপনা বিভাগের উপব্যবস্থাপক (বিক্রয়) বলেন, সফটওয়্যারটিতে ইতিমধ্যে সার গুদামের তথ্য এন্ট্রি করার কার্যক্রম শেষ হয়েছে এবং তিনি আংশিকভাবে | ১) সারের অফ সিজনে এই মডিউল লাইভে নিয়ে যাওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) সংশ্লিষ্ট উইং কর্তৃপক্ষ কমিটি গঠন করে মডিউলের সার্বিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন হিসাব নিয়ন্ত্রক বরাবর উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা পরবর্তী সভায় আলোচনা হবে। | সার ব্যবস্থাপনা বিভাগ ও সিনটেক সলিউশন লিমিটেড |

| ক্র. নং | উইং ভিত্তিক আলোচ্য মডিউল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | | সফটওয়্যারটি লাইভে নেওয়ার জন্য অনুরোধ করেন। এমতাবস্থায় হিসাব নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক (অডিট) পরামর্শ দেন যে আংশিকভাবে সফটওয়্যারটি লাইভে গেলে সফটওয়্যারটি থেকে পূর্ণাঙ্গ প্রতিবেদন পাওয়া যাবে না। সভাপতি এই মডিউলটি অফ সিজনে লাইভে নিয়ে যাওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন এবং ডিলারদের নামে যে সার বরাদ্দ হয়, তা যেন যথাযথ চ্যানেলের মাধ্যমে কৃষক পর্যন্ত পৌছায়। মধ্যস্বত্বভোগী বা দালাল চক্র ডিলার এবং কৃষক এর মাঝে চলে আসলে কৃষককে অতিরিক্ত মূল্য দিয়ে সার ক্রয় করতে হবে । এক্ষেত্রে সভাপতি নির্দেশনা দেন যে, ডিলারদেরকে স্বাক্ষর করে সার নিতে হবে। এতে করে দালাল চক্র প্রতিহত করা সম্ভব হবে। আর এর জন্য প্রয়োজন ডিজিটাল অটোমেশন সিস্টেম এবং সর্বোপরি সভাপতি এই মডিউলটি পূর্ণাঙ্গভাবে লাইভ চালানোর জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ০৩ | **অর্থ উইং:**<br><br>**হিসাব বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল সমূহ:**<br><br>১। সিপিএফ ম্যানেজমেন্ট মডিউল<br>২। হিসাব প্রণয়ন মডিউল<br>৩। বীমা ব্যবস্থাপনা মডিউল<br>৪। পে-রোল মডিউল<br><br>**অর্থ বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১। বাজেট ব্যবস্থাপনা মডিউল | হিসাব নিয়ন্ত্রক সভাকে জানান, অর্থ উইং এর মোট ৬ টি মডিউল আছে এর মধ্যে হিসাব বিভাগের সিপিএফ এর ডাটা এন্ট্রির কাজ খুব দ্রুত সমাপ্ত হবে এবং আগামী বছরে রিটার্ন দাখিলের সময় সিপিএফ এর ম্যানুয়াল প্রতিবেদন সংগ্রহের প্রয়োজন পড়বে না, বিএডিসি'র কর্মচারীগণ উক্ত সফটওয়্যারে নিজ প্যানেল থেকে এই প্রতিবেদন ডাউনলোড করে প্রিন্ট করতে পারবেন।<br>পে-রোল মডিউল নিয়ে হিসাব নিয়ন্ত্রক সভাকে জানান আইবাস++ সফটওয়্যারটি আসার আগে পে-রোল মডিউল এর মাধ্যমে বিএডিসি'র সদর দপ্তরের কর্মচারীদের বেতন ভাতা দেওয়া হয়েছে কিন্তু আইবাস++ সফটওয়্যারটি আসার পর এই মডিউলটির ব্যবহারের কার্যকারিতা নেই বলে উল্লেখ করেন এবং অন্যান্য মডিউলগুলো লাইভে নিয়ে যাওয়ার জন্য সিনটেক সলিউশন লিমিটেডকে নির্দেশনা দেন।<br><br>ব্যবস্থাপক অর্থ সভাকে জানান, বাজেট ব্যবস্থাপনা মডিউল এর মাধ্যমে বাজেট এর সার্কুলার দেওয়া যায়, কিন্তু সংশ্লিষ্ট অফিস হতে বাজেটের ফিডব্যাক আসেনা। এ ব্যাপারে হিসাব | ১। বাজেট মডিউলটি দ্রুত লাইভে ব্যবহার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। যে দপ্তরে আপত্তি উত্থাপিত হয় উক্ত দপ্তর কর্তৃক অভ্যন্তরীণ অডিট আপত্তিগুলো সফটওয়্যারে এন্ট্রি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) সংশ্লিষ্ট উইং কর্তৃপক্ষ কমিটি গঠন করে মডিউলের সার্বিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন হিসাব নিয়ন্ত্রক বরাবর উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা পরবর্তী সভায় আলোচনা হবে। | অর্থ বিভাগ, হিসাব বিভাগ, অডিট বিভাগ ও সিনটেক সলিউশন লিমিটেড। |

| ক্র. নং | উইং ভিত্তিক আলোচ্য মডিউল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | **অডিট বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১।অডিট ব্যবস্থাপনা মডিউল | নিয়ন্ত্রক সভাকে জানান, সফটওয়্যার যেভাবে ডিজাইন করা হয়েছে, সেভাবেই রিপোর্ট আসবে এবং বাজেট মডিউলটি লাইভে চালানোর ব্যাপারে অনুরোধ করেন। সভাপতি বাজেট মডিউলটি খুব দ্রুত লাইভে ব্যবহার করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>নিয়ন্ত্রক (অডিট) সভাকে জানান, বিএডিসি ERP সফটওয়্যারে দুই ধরনের অডিট এন্ট্রি দেওয়ার ব্যবস্থা আছে সরকারী এবং অভ্যন্তরীণ অডিট । সরকারী অডিট আপত্তির জন্য কৃষি ও পরিবেশ অধিদপ্তরের AMMS-2 সফটওয়্যার ব্যবহার করা হচ্ছে এবং অভ্যন্তরীণ অডিট আপত্তিগুলো ইআরপি সফটওয়্যারে এন্ট্রি করা হয়ে থাকে। সভাপতি যে দপ্তরে আপত্তি উত্থাপিত হয়, উক্ত দপ্তর কর্তৃক অভ্যন্তরীণ অডিট আপত্তি গুলো সফটওয়্যারে এন্ট্রি এবং নিস্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ০৪ | **বীজ ও উদ্যান উইং:**<br><br>**বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১। বীপ্রস মডিউল<br><br>**বীজ উৎপাদন (খামার) বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১। ফার্ম মডিউল<br><br>**বীজ বিতরণ বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১। বীজ বিতরণ মডিউল<br><br>**বীজ উৎপাদন (ক. গ্রো.) বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১১ কন্ট্রাক্ট গ্রোয়ার্স মডিউল | বীজ ও উদ্যান উইং এর বীজের মডিউলগুলো সম্পর্কে সফটওয়্যার প্রতিষ্ঠানের প্রজেক্ট ম্যানেজার সভায় উল্লেখ করেন যে, বীজ বিভাগের মডিউলগুলো অনুমোদিত Software Requirement Specification (SRS) অনুযায়ী ডেভেলপমেন্ট করা হয়েছে । এরপর সভাপতি বীজের কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট বিভাগের কাছে জানতে চান। উপব্যবস্থাপক, বীপ্রস বলেন, বীপ্রস মডিউলটি লাইভে ব্যবহার হচ্ছে না এবং আরও বলেন, উক্ত বিভাগ নিজেদের তৈরীকৃত সফটওয়্যারে ২০০৬ সাল হতে অদ্যবধি তথ্য এন্ট্রি করে আসছে। উক্ত তথ্য কপি করে বীপ্রস মডিউলে পেস্ট করা হলে প্রয়োজন মাফিক প্রতিবেদন পাওয়া সম্ভব হবে। সফটওয়্যারের প্রতিনিধি সভাকে জানান এক সফটওয়্যার থেকে অন্য সফটওয়্যারে তথ্য ইমপোর্ট করার জন্য প্রবেশাধিকার প্রয়োজন, প্রবেশাধিকার দিলে পূর্বের সফটওয়্যার হতে বীপ্রস মডিউলে সকল তথ্য এক্সপোর্ট করা সম্ভব। সভায় উপব্যবস্থাপক, বীপ্রস পূর্বের সফটওয়্যার থেকে তথ্য পাওয়ার ব্যাপারে আশংকার কথা প্রকাশ করেন। হিসাব নিয়ন্ত্রক সভাকে জানান যে, বীজ ও উদ্যান উইং এর বিভিন্ন বিভাগের চাহিদা মোতাবেক ১২টি মডিউল করা হয়েছে যা ৪ টি মডিউল এর | ১) পূর্বের সফটওয়্যার দাতার সাথে যোগাযোগ করে তথ্য নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং বীজের মডিউলগুলো লাইভে নিয়ে যাওয়ার পরামর্শ দেন।<br><br>২) সংশ্লিষ্ট উইং কর্তৃপক্ষ কমিটি গঠন করে মডিউলের সার্বিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন হিসাব নিয়ন্ত্রক বরাবর উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা পরবর্তী সভায় আলোচনা হবে। | বীজ উদ্যান উইং সংশ্লিষ্ট বিভাগ ও বিভাগ এবং সিনটেক সলিউশন লিমিটেড। |

| ক্র. নং | উইং ভিত্তিক আলোচ্য মডিউল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | | মাধ্যমে সম্পূর্ণ করা যেত এবং তিনি আরো বলেন, বীপ্রস এবং খামার বিভাগের অগ্রগতি থাকলেও বীজের অন্যান্য মডিউলের অগ্রগতি খুবই কম। হিসাব নিয়ন্ত্রক সিনটেক সলিউশন লিমিটেডকে বীজের অন্যান্য মডিউলের অগ্রগতি বাড়ানোর পরামর্শ দেন। সভাপতি পূর্বের সফটওয়্যার যিনি তৈরি করেছেন তার সাথে যোগাযোগ করে পূর্বের সফটওয়্যারের তথ্য নেওয়ার ব্যাপারে বীপ্রস বিভাগকে নির্দেশনা প্রদান করেন এবং বর্তমান সফটওয়্যার কোম্পানির সাথে যোগাযোগ করে বীজের মডিউলগুলো লাইভে নিয়ে যাওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ০৫ | **ক্ষুদ্রসেচ উইং:**<br><br>**নির্মাণ বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১। নির্মাণ মডিউল<br><br>**ক্ষুদ্রসেচ বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১। ক্ষুদ্রসেচ ব্যবস্থাপনা মডিউল<br>২। মিশু মডিউল<br>৩। জরিপ ও অনুসন্ধান মডিউল<br><br>**সংরক্ষণ ও কারখানা বিভাগ কর্তৃক ব্যবহৃত মডিউল:**<br>১। সংরক্ষণ ও কারখানা মডিউল | প্রধান প্রকৌশলী (সওকা) সভাকে জানান, সেচ যন্ত্রের লাইসেন্স প্রদান করে বিএডিসি, কিন্তু লাইসেন্স ফি ও নবায়নের অর্থ থানা নির্বাহী অফিসারের হিসাবে জমা হয়। উক্ত অর্থ কিভাবে বিএডিসি এর হিসেবে আনা যায়, সে ব্যাপারে সভায় আলোচনা হয়। ঠিকাদার লাইসেন্সের নবায়ন ফি, সেচ চার্জ এর টাকা বিএডিসি'র হিসেবে নিয়ে আসার জন্য পেমেন্ট গেটওয়ে এর প্রয়োজন। হিসাব নিয়ন্ত্রক সভাকে জানান সোনালী ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে এ ব্যাপারে মৌখিক আলোচনা হয়েছে যে, তারা কোন প্রকার চার্জ ছাড়াই পেমেন্ট গেটওয়ে সেবা বিএডিসিকে প্রদান করবে। সভাপতি হিসাব নিয়ন্ত্রক কে সোনালি ব্যাংকের পেমেন্ট গেটওয়ে প্রতিনিধির সাথে আলোচনা করে পেমেন্ট গেটওয়ে ইন্টিগ্রেশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১) পেমেন্ট গেটওয়ে হিসেবে "সোনালী পে" কে দ্রুত চালু করার উদ্দেশ্যে সোনালী ব্যাংকের সাথে বিএডিসি'র চুক্তি স্বাক্ষরের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) সংশ্লিষ্ট উইং কর্তৃপক্ষ কমিটি গঠন করে মডিউলের সার্বিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন হিসাব নিয়ন্ত্রক বরাবর উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা পরবর্তী সভায় আলোচনা হবে। | হিসাব বিভাগ, ক্ষুদ্র সেচ উইং ও সিনটেক সলিউশন লিমিটেড |
| ০৬ | Service Level Agreement (SLA) | প্রধান মনিটরিং সভাকে জানান, ৩১শে ডিসেম্বর ২০২৪ তারিখে বিএডিসি এবং সিনটেক সলিউশন লিমিটেড এর মধ্যকার চুক্তির সময়সীমা শেষ হয়েছে। সফটওয়্যার কার্যক্রমকে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এই চুক্তির মেয়াদ বাড়ানো প্রয়োজন। সভাপতি হিসাব নিয়ন্ত্রকের কাছে সিনটেক সলিউশন লিমিটেড এবং বিএডিসি মধ্যে Service Level Agreement (SLA) সম্পর্কে জানতে চান। হিসাব নিয়ন্ত্রক | ১) বিএডিসি এবং সিনটেক সলিউশন লিমিটেড এর মধ্যকার Service Level Agreement ( SLA ) জুলাই ২০২৫ হতে এক বছর মেয়াদী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব বিভাগ ও সিনটেক সলিউশন লিমিটেড। |

| ক্র. নং | উইং ভিত্তিক আলোচ্য মডিউল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| | | সভাপতিকে জানান যে, মূল চুক্তির ধারাবাহিকতায় জুন ২০২৫ পর্যন্ত অতিরিক্ত খরচ ব্যতীত বেসিক পিরিয়ড রেখে জুলাই ২০২৫ থেকে চুক্তি করার জন্য প্রস্তাব করেন। সভাপতি সিনটেক সলিউশন লিমিটেড এর কাছে জুন ২০২৫ পর্যন্ত বেসিক পিরিয়ড রাখার জন্য প্রস্তাব করেন। সিনটেক সলিউশন লিমিটেড মৌখিকভাবে সম্মতি প্রদান করলে সভাপতি জুন ২০২৫ পর্যন্ত বেসিক পিরিয়ড রেখে জুলাই ২০২৫ হতে এক বছর মেয়াদী Service Level Agreement (SLA) করার জন্য হিসাব নিয়ন্ত্রককে নির্দেশনা প্রদান করেন। | | |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২২.২.২৫

**মোঃ নুরুল আমিন খান**
চেয়ারম্যান (গ্রেড -১)
বিএডিসি,ঢাকা।